

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২৯, ২০১৫

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
প্রজ্ঞাপন

তারিখ: ১০ অগ্রহায়ণ, ১৪২২/২৪ নভেম্বর, ২০১৫

নং ১৭.০০.০০০০.০৩৪.০৩৮.০৩০.১৫(অংশ-১)-৩৫৯।—স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২১ জুলাই ২০১৩ তারিখে জারীকৃত পত্র নং ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০১.২০১২-১০৫৯ এর মাধ্যমে শ্রীপুর (গাজীপুর) পৌরসভার সীমানা সম্প্রসারণ কার্যক্রম বিবেচনাধীন থাকায় এবং ০৭ আগস্ট ২০১৩ তারিখে জারীকৃত পত্র নং ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০১.২০১২-১১৭০ এর মাধ্যমে নওহাটা (রাজশাহী) পৌরসভার ওয়ার্ড সম্প্রসারণ/পুনর্বিভাগ্য কার্যক্রম ও পৌর এলাকার সীমানা সম্প্রসারণ সংক্রান্ত কার্যক্রম বিবেচনাধীন থাকায় বর্ণিত পৌরসভাদ্বয়ের নির্বাচন অনুষ্ঠান স্থগিত রাখার অনুরোধ করায় ৩১ জুলাই ২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৩-৩৫২ এর মাধ্যমে জারীকৃত নির্বাচনের সময়সূচি ১৩ আগস্ট ২০১৩ তারিখের পত্র নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৩-৩৬০ এর মাধ্যমে স্থগিত করা হইয়াছিল। যেহেতু স্থানীয় সরকার বিভাগের ২২ জুলাই ২০১৫ তারিখে ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০১.২০১২(অংশ-১)-১১৩৮ নং পত্রের মাধ্যমে উক্ত স্থগিতকৃত পৌরসভা ২ (দুই)টিতে নির্বাচন অনুষ্ঠানে বাধা নাই মর্মে অবহিত করায় নির্বাচন কমিশন এতদ্বারা শ্রীপুর (গাজীপুর) ও নওহাটা (রাজশাহী) পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি পুনরায় ঘোষণা করিতেছে :

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৩ ডিসেম্বর ২০১৫ ১৯ অগ্রহায়ণ ১৪২২ (বৃহস্পতিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৫-০৬ ডিসেম্বর ২০১৫ ২১-২২ অগ্রহায়ণ ১৪২২ (শনিবার-রবিবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৩ ডিসেম্বর ২০১৫ ২৯ অগ্রহায়ণ ১৪২২ (রবিবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	৩০ ডিসেম্বর ২০১৫ ১৬ পৌষ ১৪২২ (বুধবার)

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সামসুল আলম
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৯২৭৩)

মূল্য : টাকা ৪.০০